

ঢাকা ওয়াসা

১।
২।
৩।

মডুস জোন-২ এর অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
পূর্বানুমোদিত দরের কপি।
প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance work of 160mm and 110mm dia water line leakage under MODS Zone-2, Dhaka
WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার মডুস জোন-২ পুরান ঢাকার বিভিন্ন এলাকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কার্যক্রম পরিচালন করে থাকে। মডুস জোন-২ এর আওতাধীন এলাকা মোট ১৯ টি DMA (District Metering Area) তে বিভক্ত রয়েছে। পানির অপচয় তথা NRW (Non Revenue Water) রোধ কল্পে DMA সিস্টেম নির্মাণ করা হয়েছে। কিন্তু পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ হওয়ায় এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় নতুন ঢালাইকৃত রাস্তার রোড কাটিং এর অনুমতি না পাওয়ায় অত্র জোনের পুরানো নেটওয়ার্কের সকল সংযোগ কর্তন করা সম্ভব হয় নাই। বর্তমানে পদ্মা যশলদিয়া পানি শোধনাগার এবং সায়েদাবাদ পানি শোধনাগারের উৎপাদিত পানি অত্র জোনের বিভিন্ন এলাকায় সরবরাহ করা হচ্ছে। ফলে পানির অত্যধিক চাপ থাকায় প্রায়শই মডুস জোন-২ এর বিদ্যমান পুরাতন পাইপ লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হয়। এছাড়া পানির অত্যধিক চাপ থাকায় সার্ভিস কানেকশন গুলো লিকেজ/ ছিদ্র হচ্ছে এবং উক্ত লিকেজ দিয়ে ময়লা পানি নেটওয়ার্কে প্রবেশ করে পানি দূষিত করে। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্টর্ম স্যুয়ার নেটওয়ার্ক নির্মাণ কাজ চলমান। এছাড়াও ডিপজিভিসি আন্ডার গ্রাউন্ড ক্যাবলস্থাপন/ প্রতিস্থাপন কাজ যা বাস্তবায়নের জন্য Excavator Machine দিয়ে রাস্তা খনন করে DSCC কর্তৃক স্টর্ম স্যুয়ার নেটওয়ার্ক এবং DPDC কর্তৃক বৈদ্যুতিক ক্যাবল স্থাপন কাজ করা হচ্ছে। ফলে Excavator Machine এর মাধ্যমে মাটি খননের সময় পানির লাইন ক্ষতিগ্রস্ত হয়ে প্রচুর পানির অপচয় হয়। পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ, বানিজ্যিক এবং আবাসিক এলাকা হওয়ায় লিকেজের অভিযোগ পাওয়া মাত্রই জরুরি ভিত্তিতে লিকেজ মেরামত কাজ করতে হয়। বর্তমানে মডুস জোন-২ এ কর্মরত পিএলআই, পিএলএম পর্যাপ্ত নাই এবং প্রায় সকলে অধিক বয়স হওয়ায় মাটি কাটার মত ভারি কাজ করতে সক্ষম নয়। ফলে লিকেজ মেরামত, ময়লা পানির অভিযোগ সমূহ দ্রুত সম্পন্ন করার জন্য বাহির হতে লেবার সংগ্রহ করতে হয়। এছাড়া বিভাগীয় ভান্ডারে সকল মালামাল পর্যাপ্ত না থাকায় বাহির হতে মালামাল ক্রয় করার প্রয়োজন হয়। পানির লাইন লিকেজ মেরামত কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পিডাব্লিউডি অুমোদিত রেট সিডিউলের দর ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন তৈরি করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪৯,২৯১/- (উনপঞ্চাশ হাজার দুইশত একানব্বই টাকা) মাত্র। উক্ত কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "Water Line Maintenance" খাতের থেকে বরাদ্দ হতে বাজেটভুক্ত করা হবে।

২। প্রমতবস্থায়, Repairing & Maintenance work of 160mm and 110mm dia water line leakage under MODS Zone-2, Dhaka WASA কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট= ৪৯,২৯১/- (উনপঞ্চাশ হাজার দুইশত একানব্বই টাকা) মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ বিধি ৯৯(ড) অনুসরনে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান জে এন্ড জে কর্পোরেশন এর অনুকূলে পরিশোধের অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডুস জোন-২, ঢাকা ওয়াসা

সরদার জাইমুল হোসাইন
সহকারী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা

মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

SC/MS-1

EE/2-2

24.06.26

24/06/2026
আলমগীর হুসাইন
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।